



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ওএম-১৫৫(ক-৩)/২০০৬/৫৮/৮

তারিখ: ১১/০২/২০২৪ খ্রি.

**বিষয়:** নরসিংদী জেলার মনোহরদী উপজেলাধীন হাতিরদিয়া রাজিউদ্দিন ডিগ্রি কলেজের ৩য় শ্রেণির কর্মচারী জনাব মোঃ কাউছার আলম এর এমপিওভুক্তি সংক্রান্ত।

সূত্র: (১) মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৬৭.২০২২(অংশ-১).১৭৫, তারিখ: ২৫/০১/২০২৪ খ্রি.  
(২) পরিচালক, মাউশি, ঢাকা অঞ্চলের স্মারক নং- মাউশি/ঢাঅ/তদন্ত/২০১৭/২৫২০; তারিখ: ১০/০৮/২০২৩ খ্রি.  
(৩) কলেজের স্মারক নং- ৬৩৫৪/হারা/২০২৩, তারিখ: ২২/০৩/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, নরসিংদী জেলার মনোহরদী উপজেলাধীন হাতিরদিয়া রাজিউদ্দিন ডিগ্রি কলেজের নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর (বর্তমান পদবী অফিস সহকারী কাম-কম্পিউটার-অপারেটর) পদে কর্মরত জনাব মোঃ কাউছার আলম এর এমপিওভুক্তির বিষয়ে অধ্যক্ষ আবেদন করেন। উক্ত আবেদনের বিষয়টি এ দপ্তরের নির্দেশক্রমে সহকারী পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা সরেজমিন তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ করেন। উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত পূর্ণাঙ্গ তথ্যাদি সারণি আকারে উপস্থাপন পূর্বক মাউশি অধিদপ্তরের এমপিও কমিটির জানুয়ারি/২০২৪ মাসের সভায় উপস্থাপন করা হলে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**কমিটির সুপারিশ:** নরসিংদী জেলার মনোহরদী উপজেলাধীন হাতিরদিয়া রাজিউদ্দিন ডিগ্রি কলেজের জনাব মোঃ কাউছার আলম, নিম্নমান সহকারী কাম-কম্পিউটার-অপারেটর পদে প্রাপ্যতা সাপেক্ষে এমপিওভুক্তির জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালককে পত্র দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, এমপিও কমিটির সুপারিশ মোতাবেক নরসিংদী জেলার মনোহরদী উপজেলাধীন হাতিরদিয়া রাজিউদ্দিন ডিগ্রি কলেজের জনাব মোঃ কাউছার আলমকে প্রাপ্যতা সাপেক্ষে উক্ত পদে এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১.০২.২৪

(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়, ঢাকা অঞ্চল, ঢাকা

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপপরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. জেলা শিক্ষা অফিসার, নরসিংদী
৪. সভাপতি, গভর্নিং বডি, হাতিরদিয়া রাজিউদ্দিন ডিগ্রি কলেজ, মনোহরদী, নরসিংদী
৫. অধ্যক্ষ, হাতিরদিয়া রাজিউদ্দিন ডিগ্রি কলেজ, মনোহরদী, নরসিংদী
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনোহরদী, নরসিংদী
৭. জনাব মোঃ কাউছার আলম, নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর, হাতিরদিয়া রাজিউদ্দিন ডিগ্রি কলেজ, মনোহরদী, নরসিংদী
৮. সংরক্ষণ নথি।